

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাজেট ও অডিট শাখা

www.mopa.gov.bd

৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব

তারিখ: ১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.১১৫.৯৯.০০০৮.২০.৮৪৫

বিষয়: বরাদ্দকৃত বাজেটে বিভিন্ন কোডে অন্তর্ভুক্ত পণ্য/ কার্য আর্থিক বিধি-বিধান পরিপূর্ণরূপে অনুসরণপূর্বক ক্রয়।

উপর্যুক্ত বিষয়ে সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন জেলা প্রশাসকের কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটে এক কোডের টাকা অন্য কোডের পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ে ব্যয় করা হচ্ছে। এছাড়া অর্থ বিভাগ এর ০৪ জুলাই, ২০২৪ তারিখের ০৭.১০১.০২.০০.০০.০০.২০২২-০৫ নং স্মারকে ব্যয় সংকোচনের নির্দেশনাও সঠিকভাবে প্রতিগালন না করায় অডিট আপত্তি বৃক্ষি পাচ্ছে। বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট কোডের আওতায় থেকে এবং সকল আর্থিক বিধি-বিধান অনুসরণ করে বাজেটের অর্থ ব্যয় করতে কোডে অন্তর্ভুক্ত বিষয়সমূহ নিম্নে উল্লেখ করা হলো:

৩২১১-প্রশাসনিক ব্যয়:

- ৩২১১১০৬- আপ্যায়ন ব্যয় খাতে আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর আপ্যায়ন ব্যয় হার হিসেবে;
- ৩২১১১০৯- সাকুল্য বেতন প্রকল্পের অস্থায়ী কর্মচারীদের বাবদ ব্যয়;
- ৩২১১১১০-আইনসংক্রান্ত ব্যয় মামলা পরিচালনা, রেকর্ডপত্র তৈরি, তদন্তকার্য, সাক্ষ্য প্রদান, প্যানেল আইনজীবী নিয়োগ সভার সম্মানী এবং আইন সংক্রান্ত পরামর্শ ফি বাবদ ব্যয়;
- ৩২১১১১১- ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্স ব্যয়-এর প্রতি অনুষ্ঠানে চা-নাস্তা, অর্ধবেলার জন্য একবার ও দিনব্যাপী হলে দুইবার এবং মধ্যাহ্নভোজ আয়োজন, সম্মানী, শিখন উপকরণ, ভেন্যু ভাড়া, আনুষঙ্গিক ব্যয় প্রভৃতি বাবদ ব্যয় আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী, অর্থ বিভাগের আদেশ নং ১৮৮ তারিখ: ০৭/০৬/২০১৮ ও অর্থ বিভাগের আদেশ নং ২২৯ তারিখ: ২১/০৮/২০২১
- ৩২১১১১৩-বিদ্যুৎ, ৩২১১১৫-পানি, ৩২১১১৭-ইন্টারনেট, ৩২১১১২০-টেলিফোন ইত্যাদি ক্ষেত্রে পরিষেবা বিল বাবদ ব্যয়;
- ৩২১১১১৯- ডাক খাতে পোস্টল সার্ভিস স্ট্যাম্প/ডাক টিকিট সংগ্রহ বাবদ ব্যয়;
- ৩২১১১২৫-প্রচার ও বিজ্ঞাপন ব্যয়-রেডিও, টেলিভিশন, সংবাদপত্র, ডিজিটাল, সামাজিক ও মোবাইল মাধ্যম, বিভিন্ন ম্যাগাজিন বা সাময়িকীতে প্রচার, সরাসরি ডাক, আউটডোরের মাধ্যমে বিজ্ঞাপন ও প্রচার বাবদ ব্যয়;
- ৩২১১১২৭-বইপত্র ও সাময়িকী-বিভিন্ন ধরনের দাঙ্গুরিক বইপত্র, সাময়িকী, একাডেমিক জার্নাল, ডিকশনারি ক্রয় বাবদ ব্যয়;
- ৩২১১১৩০-আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয় বাবদ ব্যয়;
- ৩২১১১৩৮-শ্রমিক (অনিয়মিত) মজুরি বাবদ ব্যয়;
- ৩২১১১৩৫-নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয়;
- ৩২৩১৩০১-প্রশিক্ষণ-বৈদেশিক এবং অভ্যর্থনীগ প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের জন্য ব্যয়;
- ৩২৪৪৩০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট-সরকারি যানবাহনে ব্যবহৃত পেট্রোল, ওয়েল (ডিজেল) ও লুব্রিকেন্ট (গিয়ার অয়েল, ব্রেক অয়েলসহ) ক্রয় বাবদ ব্যয়;
- ৩২৪৪৩০২- গ্যাস ও জ্বালানী-কঠিন পদার্থ (কয়লা), তরল (কেরোসিন), গ্যাস (প্রাকৃতিক গ্যাস, প্রোপেন, হাইড্রোজেন), বা এমনকি নবায়নযোগ্য উৎস যেমন-জৈব জ্বালানি (ইথানল, বায়োডিজেল), পারমাগবিক জ্বালানি (ইউরোনিয়াম) ও কাঠ ক্রয় বাবদ ব্যয়;
- ৩২৪৪১০১-স্রমণ ব্যয়-স্রমণজনিত পথ ভাড়া ভাতা, দৈনিক ভাতা সংক্রান্ত ব্যয়;
- ৩২৪৪১০২-বদলী ব্যয়-বদলিজনিত স্রমণের ক্ষেত্রে পথভাড়া ভাতা, প্যাকিং এবং ক্রেটিং চার্জ এবং প্রযোজ্য ক্ষেত্রে টারমিনাল চার্জ, ট্রানজিট চার্জ, কীট এলাইন্স বাবদ ব্যয়;
- ৩২৫৫১০১-কম্পিউটার সামগ্রী-প্রিন্টার ও ফটোকপিয়ার এর কালি/কার্টিজ, রিবন, প্রিন্ট হেডস এবং অন্যান্য সামগ্রী বাবদ ব্যয়;
- ৩২৫৫১০২-মুদ্রণ ও বাঁধাইজনিত ব্যয়;
- ৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি-সরকারি দপ্তরে স্বল্প মূল্যের বিভিন্ন মনিহারি দ্রব্যাদি ক্রয় পর্দা, পেন হোল্ডার, ফাইল, কাটি স্কেল, ক্যালকুলেটর, পাঞ্চ মেশিন, পেপার ওয়েট, ডাক ফাইল, কাগজ, বিভিন্ন ধরনের ফর্ম, কার্বন পেপার, ফ্যাক্স মেশিন রোল, কলম, পেলিস, ইরেজার, মার্কার, হাইলাইটার, রাখার ব্যান্ড, স্ট্যাপলার, পেপার ক্লিপ, বাইন্ডার, ফোল্ডার, খাম, নেটপ্যাড, মাউস প্যাড, আঠলো টেপ, বাঁধাই উপকরণ, লেমেনেটিং শীট, পরিচয় পত্র, কার্ড হোল্ডার, অ্যাক্সেস কার্ড এবং ভিজিটর ব্যাজ, ডিজিটিং কার্ড, প্রভৃতি মনিহারি দ্রব্যাদি ক্রয় বাবদ ব্যয়;
- ৩২৫৫১০৩-ব্যবহার্য সামগ্রী-বিভিন্ন ধরনের ব্যবহার্য সামগ্রী যেমন-ক্রোকারিজ, বালতি, জগ, মগ, চায়ের কাপ, পিরিচ, চামচ, তোয়ালে, টিসু, স্যান্ডেল, স্যানিটাইজার, বুড়ি/বিন, কলিং বেল, ডাস্টিং কাপড়, কীবোর্ড, পরিস্কারের জন্য সংকুচিত এয়ার ক্যান এবং স্ক্রিন ওয়াইপ, কফি, চা, চিনি, ক্রিমার, পানি, ন্যাপকিন, কাটলারি, একবার ব্যবহারযোগ্য প্লেট/গ্লাস, সাবান/ডিটারজেন্ট, জীবানুনাশক, কাগজের তোয়ালে, ট্র্যাশ ব্যাগ, ব্যাট্স, মপস এবং অন্যান্য পরিস্কারের সরঞ্জাম, ফেস মাস্ক, ব্র্যান্ড-এইডস, এন্টিসেপ্টিক সলিউশন, ডিসপোজেবল গ্লাভস, লাইট বাল্ব প্রভৃতি ব্যবহার্য সামগ্রী ক্রয় বাবদ ব্যয়;
- ৩২৫৬১০৬- পোশাকখাতে ৪৮ শ্রেণির কর্মচারীদের শীত ও গ্রীষ্মকালীন সাজ-পোশাক ক্রয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখার ১৮/১২/০১৮ তারিখের ৫৩নং স্মারকের পরিপত্র অনুসরণপূর্বক এ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।
- ৩২৫৭১০১-অনুষ্ঠান/উৎসবাদি-জাতীয়, আন্তর্জাতিক, ধর্মীয়, সাংস্কৃতিক বা সামাজিকভাবে তাংপর্যপূর্ণ এমন বিষয় উদয়াপনের জন্য

- অনুষ্ঠিত ক্রয় বাবদ ব্যয়;
- ৩২৫৮১০১-মোটরযান-কার, জীপ, মাইক্রোবাস, পিকআপ, অ্যাস্বুলেন্স, মোটর সাইকেল, বাস, মিনিবাস, ট্রাক, কাভার্ড ভ্যান প্রভৃতি মোটরযান মেরামত ও সংরক্ষণ বাবদ ব্যয়;
  - ৩২৫৮১০২-আসবাবপত্র-চেয়ার, টেবিল, রংযাক, কম্পিউটার চেয়ার/টেবিল, আলমারি, বিছানা, সোফা, ডেসার, ডেক্স, ক্যাবিনেট, বুকশেলফ ইত্যাদি আসবাবপত্র মেরামতসহ রঙ বা বার্নিং বাবদ ব্যয়;
  - ৩২৫৮১০৩-কম্পিউটার-কম্পিউটার মেরামত বাবদ ব্যয়;
  - ৩২৫৮১০৪-অফিস সরঞ্জামাদি-ফটোকপিয়ার, ইটারকম, সিস্টেম, টেলিফোন, ইউপিএস, শ্রেডারস, এয়ার কন্ডিশনার ও হিটিং সিস্টেম, ফ্যান, টিভি, টিভি স্ট্যান্ড, দেওয়াল ঘড়ি, পানির ফিল্টার, ফ্যাক্স মেশিন, ফ্রিজ, ক্যামেরা, অ্যালার্ম, অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম, প্রজেক্টর, হোয়াইট বোর্ড, মাইক্রোফোন, সাউন্ড সিস্টেম, মাইক্রোওয়েভ ওভেন, কেটলি, ফ্লান্স, মিনিটর, কীবোর্ড, মাউস, প্রিন্টার স্ক্যানার, ইটারনেট মডেম/রাউটার, পেনড্রাইভ ইত্যাদি মেরামত বাবদ ব্যয়;
  - ৩২৫৮১০৫-অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি-হেভি ডিউটি প্রিন্টার ও কপিয়ার, বাইডিং ও লেমিনেটিং মেশিন, ডাক মেশিন, ডিজিটাল স্মার্ট সরঞ্জাম, ব্যাকআপ পাওয়ার জেনারেটর, হাতুটি, দা, কুড়াল, কোদাল, ঘাস কাটার মেশিন, জীবানু নাশক ট্যানেল, অগ্নি নির্বাপক ইত্যাদি;
  - ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন-অফিস আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, হোটেল, ওয়্যারহাউজ, বিনোদনের জন্য নির্মিত ভবন, বাণিজ্যিক প্রতিষ্ঠান মেরামত বাবদ ব্যয়;
  - ৩২৫৮১২৬-টেলিযোগাযোগ সরঞ্জামগুলির মধ্যে রয়েছে টেলিফোন, মোবাইল ফোন, রাউটার, মডেম, সুইচ, হাব এবং সার্ভারের মতো ডিভাইস, সেইসাথে তাদের সংযোগ করার জন্য ব্যবহৃত ফিজিক্যাল ক্যাবলিং এবং ওয়্যারিং বাবদ ব্যয়;
  - ৩২৫৮১২৭-ফিটিং ও ফিক্সার-ফিটিং ও ফিক্সার মেরামত ও নিয়মিত রক্ষণাবেক্ষণ বাবদ ব্যয়;
  - ৩২৫৮১৪০-মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয়-মোটরযান রক্ষণাবেক্ষণ;
  - ৩৮২১১০৩-পৌর কর-জেলা, উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন এর আওতায় বসবাসের জন্য এই সকল স্থানীয় সংস্থা কর্তৃক ধার্যকৃত পৌর কর বাবদ স্থানান্তর;
  - ৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক-কম্পিউটার (ডেস্কটপ, ল্যাপটপ, নোটবুক) এবং আনুষঙ্গিক কি-বোর্ড, মাউস, মিনিটর, ইউপিএস, সিপিইউ, ব্যাটারি, ক্যাবল, ইউএসবি, প্রিন্টার স্ক্যানার, স্পিকার ইত্যাদি ক্রয় বাবদ ব্যয়;
  - ৪১১২২০৪-টেলিযোগাযোগ সরঞ্জামাদি-টেলিকমিউনিকেশন সরঞ্জামগুলির মধ্যে রয়েছে টেলিফোন, মোবাইল ফোন, রাউটার, মডেম, সুইচ, হাব এবং সার্ভারের মতো ডিভাইস, সেইসাথে তাদের সংযোগ করার জন্য ব্যবহৃত ফিজিক্যাল ক্যাবলিং এবং ওয়্যারিং ক্রয় বাবদ ব্যয়;
  - ৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি-বিভিন্ন ধরনের ট্রান্সফরমার (সাধারণ কারেন্ট ও ভোল্টেজ ট্রান্সফরমার), হাই টেনশন ও লো টেনশন সুইচগিয়ার, পাওয়ার ফ্যাস্টের ইমপুল্ডমেন্ট প্লান্ট ক্রয় বাবদ ব্যয়;
  - ৪১১২৩১০-অফিস সরঞ্জামাদি ক্রয় খাতে যেমন- বাইডিং স্কচ টেপ, বাইডিং ক্লীপ, পেন, নাইফ, পিন রিমোভার, ফাইল বোর্ড, ফাইল কাভার, পেগার ওয়েট, পেনহোল্ডার, রেজিস্টার খাতা, কলম, গাম/আঠা, জেমস ক্লীপ, পার্ফিং মেশিন, গার্ডফাইল, স্টেপলার, মেশিন, **Self Adhesive Notes**, পেগার কাটার, ক্যালকুলেটর, কাগজ, ইত্যাদি ক্রয় বাবদ ব্যয়;
  - ৪১১২৩১৪-আসবাবপত্র ক্রয় খাতে যেমন-টেবিল, চেয়ার, সোফাসেট, খাট, ওয়ারড্রোব, আলমিরা, বুকশেলফ ইত্যাদি ক্রয় বাবদ ব্যয়।

০২। বর্ণিত অবস্থায়, সকল আর্থিক বিধি-বিধান অনুসরণ করে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কোডে অন্তর্ভুক্ত পর্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য ও ভৌত সেবা ক্রয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### সকল সংযুক্তিসমূহ:

- (১) প্রশিক্ষণ সংক্রান্ত সম্মানী
- (২) সেমিনার ও কর্মশালার খাতভিত্তিক সম্মানী
- (৩) ব্যয় সংকোচন পরিপত্র



২৪-০৪-২০২৫  
 লুবনা ফারজানা  
 সিনিয়র সহকারী সচিব  
 ৫৫১০০৭৪১  
 adminbudg@mopa.gov.bd

বিতরণ (জ্যোত্তরার ক্রমানুসারে নয়):

- ১। সকল বিভাগীয় কমিশনার।
- ২। সকল জেলা প্রশাসক।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.১১৫.৯৯.০০০৮.২০.৮৮৫/১ (১)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।



২৪-০৪-২০২৫

লুবনা ফারজাহানা

সিনিয়র সহকারী সচিব